গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মধুপুর, টাঙ্গাইল।

এবং

উপপরিচালক, পরিবার পরিকল্পনা, টাঙ্গাইল।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২- ৩০শে জুন/ ২৩

উপক্রমণিকা (Peanbe)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২৩ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মধুপুর, টাঙ্গাইল।

এবং

উপপরিচালক, পরিবার পরিকল্পনা, টাঙ্গাইল।

এর মধ্যে ২০২১ সালের মে মাসের ২৮/০৫/২০২২খ্রিঃ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

# পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Directorate General of Family Planning)

সাম্প্রতিক অর্জন, চালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ

বাংলাদেশ একটি জনবহুল দেশ। তন্মধ্যে টাঙ্গাইল জেলার অর্ন্তগত মধুপুর উপজেলা ঘনবসতিপূর্ণ পাহাড়ী এলাকা। এখানে প্রতি বর্গকিলোমিটারে ৮৯০ জন বাস করে। ০৬টি ইউনিয়ন, ০১টি পৌরসভা, ১৮০টি গ্রাম নিয়ে গঠিত মধুপুর উপজেলায় পরিবার পরিকল্পনা বিভাগের ৫৭ জন মাঠ ও ক্লিনিক কর্মী এবং ০১টি বেসরকারী সংস্থার সমন্বয়ে পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও বাস্তবায়নের জন্য বাংলাদেশ জনসংখ্যা নীতি ২০১২ এর আলোকে জনসংখ্যা নিয়ন্ত্রণ তথা পরিকল্পিত পরিবার গঠনের মাধ্যমে সুখী ও সমৃদ্ধ জাতি গঠনে পরিবার পরিকল্পনা বিভাগ কাজ করে যাচ্ছে। ফলে জনসংখ্যা বৃদ্ধির হার কমে এখন ০.৯০% হয়েছে যা জাতীয় পর্যায়ে ১.৩৭%(সূত্রঃ বিবিএস)। বর্তমানে মধুপুর উপজেলায় টিএফআর ১.৯% যা জাতীয় পর্যায়ে ২.২%%(সূত্রঃ বিবিএস) এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ৬২.৫%(সূত্রঃ বিবিএস) যা জাতীয় পর্যায়ে ৬২.৪%। মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হার হ্রাসে ৬টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ ঘন্টা প্রসূতি সেবার ব্যবস্থা করা হয়েছে ফলে ২০২১-২০২২ বৎসরে ১৬ জন মাকে নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা দেয়া হয়েছে। ফলশ্রুতিতে মাতৃমৃত্যু ও শিশু মৃত্যু হার হ্রাস পেয়েছে এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারীর অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। এছাড়া মধুপুর উপজেলায় মায়ের বুকের দুধপানকারী শিশুর হার ৯৬.৬%(সূত্রঃ বিবিএস) এ উন্নীত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

মধুপুর উপজেলার বড় সমস্যা বাল্য বিয়ে এবং পাহাড়ী এলাকায় ছেলে মেয়েদের শিক্ষার অনগ্রসরতা। ৫৯% মেয়ের বিয়ে হয়ে যায় ১৮ বছর পূর্ণ হওয়ার পূর্বেই ফলে কিশোরী মায়েদের স্বাস্থ্য ঝুঁকি সবচাইতে বেশী। বিবাহিত কিশোরীদের মধ্যে অপূর্ণ চাহিদা ১৭% যা তুলনামূলকভাবে বেশী। এই অল্পবয়সী বিশাল জনগোষ্ঠির একটা বড় অংশ প্রজনন স্বাস্থ্য বিষয়ে অস্বচ্ছ ধারণা নিয়ে বিবাহিত জীবনে প্রবেশ করে এবং ২১% কিশোরী অপরিকল্পিতভাবে গর্ভধারণ করে। এ সকল কিশোরী দম্পতিদের, কর্মী শূন্য এলাকার দম্পতিদের,পাহাড়ী এলাকার দম্পতিদের পরিবার পরিকল্পনা সেবার আওতায় আনা দূরূহ হয়ে পড়েছে। এছাড়া সিপিআর ও পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের ক্ষেত্রে পুরুষের অংশগ্রহণ বৃদ্ধি করা এবং টিএফআর, অপূর্ণচাহিদা, পদ্ধতিভিত্তিক ড্রপ আউট হ্রাস করা ও দুর্গম ও পাহাড়ী এলাকায় পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ অন্যতম চ্যালেঞ্জ। বর্তমানে মধুপুর উপজেলায় বিভিন্ন ক্যাটাগরিতে ২৬ টি পদ শূন্য রয়েছে। শূন্য পদ পূরন না হলে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন ব্যহত হবে।

ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

বাড়ি বাড়ি পরিদর্শনের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া অব্যাহত রাখা ও জোরদারকরণ। মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়নে মধুপুর উপজেলার প্রতিমাসে ৪৮টি স্যাটেলাইট ক্লিনিকের আয়োজন করা হচ্ছে। মধুপুর উপজেলার ০৬টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার পরিকল্পনা, মা ও শিশু এবং প্রজনন স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও সেবা প্রাপ্তি নিশ্চিত করা। এ উপজেলার প্রত্যন্ত এলাকায় যেমনঃ পাহাড়ী এলাকা এবং যেসব ইউনিয়নে দীর্ঘমেয়াদী পদ্ধতি প্রদান করার জন্য কোনো পরিবার কল্যাণ পরিদর্শিকা নেই সে সমস্ত এলাকায় বিশেষ ক্যাম্পের মাধ্যমে দীর্ঘমেয়াদী সেবা প্রদান নিশ্চিত করা। কিশোর কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে সকল সেবা কেন্দ্রকে পর্যায়ক্রমে কৈশোর বান্ধব করা। নববিবাহিত ও এক সন্তানের দম্পতিদের জন্য পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য নিরাপদ মাতৃত্ব, পুষ্টি, প্রজনন স্বাস্থ্য ও জন্মবিরতিকরণ বিষয়ে ইউনিয়ন পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা। পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য বিষয়ে স্বল্পদৈর্ঘ্য চলচিত্র প্রামান্য চিত্র, টিভি নাটক, টিভি স্পট, টিভি ম্যাগাজিন অনুষ্ঠান, পথ নাটক জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় টাঙ্গাইল এর এভি ভ্যানের মাধ্যমে বিভিন্ন ইউনিয়নে প্রচার করা । পরিবার পরিকল্পনা পরিদর্শকদের মাধ্যমে উঠান বৈঠকে এবং উপসহকারি কমিউনিটি মেডিকেল অফিসারদের মাধ্যমে বিদ্যালয়ে কৈশোর-বান্ধব স্বাস্থ্য শিক্ষা সেবা প্রদান করা। পরিবার পরিকল্পনা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সোশ্যাল মিডিয়া (ফেসবুক) ব্যবহারের মাধ্যমে মাঠপর্যায়ে একটি কার্যকরী মনিটরিং ও সুপারভিশন ব্যবস্থা গড়ে তোলা হবে। মুজিব বর্ষ উদযাপনের অংশ হিসেবে প্রতিটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানায় ফলবান ও ভেজস গাছ রোপন করা ।

২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য অর্জনসমূহঃ

* পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার (সিএআর) ৮০% (এপ্রিল, ২০২২) থেকে ৮১.% এ উন্নীত করা।
* ড্রপ আউট ৩০% হতে ২৫% এ কমে কমিয়ে আনা
* দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতি গ্রহীতার হার ১৬.৪৮% (মে, ২০২২) হতে ১৭.৫০% এ উন্নীত করা।
* প্রায় ১৭২৫ জন গর্ভবতী মহিলাদের প্রসবপূর্ব সেবা প্রদান করা।
* প্রায় ১১০০ জন গর্ভবতী মহিলাকে প্রাতিষ্ঠানিক প্রসবকালীন সেবা প্রদান।
* শিশু মৃত্যুর হার (প্রতি হাজারে) ২১ জন হতে ১৯ জনে হ্রাস করা। (বিডিএস-২০১৯)
* মাতৃমৃত্যু (প্রতি লক্ষে) ১৮১ জন হতে ১৪৩ (প্রতি লক্ষে) জনের নিচে হ্রাস করা।(বিডিএস-২০১৯)
* তথ্য সূত্র : (বিডিএইচএস- ২০১৪, আরপিআইপি : ভলিউম-১, ডিসেম্বর, ২০১৪
* এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

## সেকশন -১

উপজেলা পরিবার পরিকল্পনা, মধুপুর, টাঙ্গাইল এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision) ঃ

**বাংলাদেশের জনসংখ্যাকে পরিকল্পিতভাবে উন্নয়ন ও নিয়ন্ত্রনের মাধ্যমে সুস্থ্য, সুখী ও সমৃদ্ধশালী বাংণাদেশ গঘে তোলা ।**

### ১.২ অভিলক্ষ্য (Mission) ঃ

চতুর্থ স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর প্রোগ্রাম এর মাধ্যমে মানসম্মত পরিবার পরিকল্পনা , মা ও শিশু স্বাস্থ্য সেবা , প্রজনন স্বাস্থ্য সেবা,বয়ঃ সন্ধিকালীন স্বাস্থ্য সেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্য অনুকুল পরিবেশ তৈরী করা ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic objectives) ঃ

**১.৩.১ পরিবার পরিকল্পনা টাঙ্গাইল ও উপজেলা পরিবার পরিকল্পনা, মধুপুর, টাঙ্গাইল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. জনসংখ্যা বৃদ্ধির হার হ্রাস করা ও প্রতিস্থাপনযোগ্য জন উর্বরতা অর্জন করা
২. মা, নবজাতক শিশু স্বাস্থ্য, কিশোর কিশোরী সেবা নিশ্চিত করা
৩. জনগণের দোরগোড়ায় পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য সেবা পৌছানো
৪. মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম শক্তিশালীকরণ
৫. তথ্য ব্যবস্থাপনা উন্নয়ন
৬. পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ
৭. জন্মনিয়ন্ত্রণ ও প্রজনন স্বাস্থ্য সামগ্রীর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা
৮. আর্থিক ব্যবস্থাপনায় সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ
২. কার্যপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ
৫. মুজিব বর্ষ পালন।

### ১.৪ কার্যাবলিঃ (Functions)

১. পরিবার পরিকল্পনাসহ প্রজনন স্বাস্থ্যসেবা সহজলভ্য করে সক্ষম দম্পতিদের কাছে পদ্ধতির প্রাপ্যতা নিশ্চিত করা;
২. সকল সক্ষম দম্পতি বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে বাড়ি বাড়ি সেবা ব্যবস্থা অব্যাহত রাখা এবং মাঠ পর্যায় হতে রেফারেল ব্যবস্থা নিশ্চিত করা। এছাড়া ই-প্রজনন সেবা প্রচলন করা;
৩. অবহিতকরণ ও স্বেচ্ছায় সম্মতির ভিত্তিতে সকল সক্ষম দম্পতিকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে উৎসাহ প্রদান করা;
৪. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সম্পর্কিত তথ্য ও সেবার অপূর্ণ চাহিদা সম্বলিত দম্পতিদের চিহ্নিত করে সেবা প্রদান নিশ্চিত করা;
৫. নব-দম্পতি, কিশোর-কিশোরী ও এক বা দুই সন্তানের দম্পতিদের অগ্রাধিকার ভিত্তিতে পরিবার পরিকল্পনা সেবার আওতায় নিয়ে আসা;
৬. বিদ্যমান জেলা, উপজেলা, ইউনিয়ন ও কমিউনিটি পর্যায়ে অবস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সেবা কেন্দ্রসহ স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে সেবা নিশ্চিত করা;
৭. বেসরকারী ও ব্যক্তি খাতের অংশগ্রহণের মাধ্যমে গ্রহীতা সেবা নিশ্চিত করা;
৮. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ ডেলিভারী সেবা নিশ্চিত করা।
৯. ইএমআইএস কার্যক্রম জোড়দার করন।
১০. মাঠ পর্যায়ে বাস্তবায়িত পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর কিশোরী সেবা মনিটরিং।
১১. সামাজিক নেতৃবৃন্দ, বিভিন্ন পেশাজীবী এবং ধর্মীয় নেতৃবৃন্দেও মাঝে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য, কিশোর-কিশোরীর প্রজনন।

## সেকশন ২

### মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (টিহরঃ) | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন ২০২১-২২ | লক্ষমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপন (Projection) | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত দপ্তর/সংস্থাসমূহের নাম উপাত্তসূত্র | উপাত্ত সূত্র \[source(s) of data |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | |
| ৫ বছরের কম বয়সী শিশু মৃত্যু হার হ্রাস | ৫ বছরের কমবয়সী শিশু মৃত্যু হার হ্রাস | প্রতি হাজারে | ২৮ | ২৬ | ২৫ | ২৫ | ২৪ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় ,পরিবার পরিকল্পনা অধিদপ্তর | এসভিআরএস ২০১৯ বিডিএইচএস ২০১৯ |
| নবজাতকের মৃত্যু হার হ্রাস | নবজাতকের মৃত্যু হার হ্রাস | প্রতি হাজারে | ২১ | ২০ | ২০ | ২০ | ১৯ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, ,পরিবার পরিকল্পনা অধিদপ্তর | |
| মাতৃ মৃত্যু হ্রাস | মাতৃ মৃত্যু অনুপাত | প্রতি লক্ষে | ১৫১ | ১৫০ | ১৪৯ | ১৩৫ | ১২০ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, ,পরিবার পরিকল্পনা অধিদপ্তর | |
| মোট প্রজনন হার (টিএফআর) হ্রাস | মোট প্রজনন হার (টিএফআর) | প্রতি মহিলা | ২.০১ | ২.০২ | ২.০২ | ২.০১ | ২.০ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, ,পরিবার পরিকল্পনা অধিদপ্তর | |
| পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার | পদ্ধতি ব্যবহারকারীর হার | প্রতি শতকে | ৭২ | ৭২ | ৭৩ | ৭৪ | ৭৫ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, ,পরিবার পরিকল্পনা অধিদপ্তর | |
| অপূর্ণ চাহিদা হ্রাস | চাহিদার হার | প্রতি শতকে | ১১ | ১১ | ১১ | ১১ | ১১ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় , ,পরিবার পরিকল্পনা অধিদপ্তর | |
| ড্রপ আউট হ্রাস | ড্রপ আউট হার | প্রতি শতকে | ২৫ | ২৪.৫ | ২৪ | ২৩.৫ | ২৩ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় , ,পরিবার পরিকল্পনা অধিদপ্তর | |

## কর্মসম্পাদনপরিকল্পনা

| কর্মসম্পাদনেরক্ষেত্র(Areas of performance) | ক্ষেত্রেরমান (Weight of Areas of performance) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক(Performance Indicators) | গণনাপদ্ধতি | একক (উহরঃ) | কর্মসম্পাদনসূচকেরমান(Weight of Perfor-mance | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ (Target/Criteria value for FY ২০২২-২৩) | | | | | প্রক্ষেপণ Projection | প্রক্ষেপণ Projection |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২১ | ২০২১-২২ | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতিমানে রনিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ (বিধি আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী) | | | | | | | | | | | | | | | |
| (১) পরিবার পরিকল্পনা পদ্ধতিব্যবহার কারীরহার (CPR) বৃদ্ধির জন্য কার্যক্রম পরিচালনা | ২০ | ১.১পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ | ১.১.১. ভ্যাসেক্টমী সেবগ্রহণকারীসক্ষম দম্পতি | ক্রমপুঞ্জিভূত | লক্ষ | ২ | ০.০২৪১১ | ০.০২৪১২ | ০.০২৪২৭ | ০.০২১৮ | ০.১৯৪ | ০.১৬৯ | ০.০১৪৫ | ০.০২৪৬ | ০.০২৪৭ |
| | | | ১.১.২ টিউবেকটমী সেবগ্রহণকারীসক্ষম দম্পতি | ক্রমপুঞ্জিভূত | লক্ষ | ২ | ০.০৩৯০৬ | ০.০৪২৫ | ০.০৪৬১ | ০.০৪১৪ | ০.০৩৬৮ | ০.০৩২২ | ০.০২৭৬ | ০.০৪৯১ | ০.০.০৫২১ |
| | | | ১.১.৩ আইইউডি সেবগ্রহণকারীসক্ষম দম্পতি | ক্রমপুঞ্জিভূত | লক্ষ | ২ | ০.০০৫১১ | ০.০০৫০ | ০.০০৬১ | ০.০০৫৫ | ০.০০৪৮ | ০.০০৪২ | ০.০০৩৬ | ০.০০৬৬ | ০.০০৮ |
| | | | ১.১.৪ ইমপ্লানন সেবগ্রহণকারীসক্ষম দম্পতি | ক্রমপুঞ্জিভূত | লক্ষ | ২ | ০.০৩৩১৮ | ০.০৩৩৭ | ০.০৩৮৫ | ০.০৩৪৬ | ০.০৩০৮ | ০.০২৬৯ | ০.০২৩১ | ০.০৪৩ | ০.০৫ |
| | | | ১.১.৫ ইনজেকশন সেবগ্রহণকারীসক্ষম দম্পতি | ক্রমপুঞ্জিভূত | লক্ষ | ২ | ০.০৮৪৩৬ | ০.০৮৪৭ | ০.০৮৬৩ | ০.০৭৭৬ | ০.০৬৯০ | ০.০৪ | ০.০৫১৭ | ০.০৮৭ | ০.০৮৮ |
| | | | ১.১.৬ কনডম সেবাগ্রহণকারী সক্ষম দম্পতি | ক্রমপুঞ্জিভূত | লক্ষ | ২ | ০.০৩৮১৯ | ০.০৩৯৮ | ০.০৪৫৬ | ০.০৪১০ | ০.০৩৬৫ | ০.০৩১৯ | ০.০২৭৩ | ০.০৪৬৬ | ০.০৪৭৬ |
| | | | ১.১.৭ খাবারবড়ি সেবা গ্রহণকারীসক্ষম দম্পতি | ক্রমপুঞ্জিভূত | লক্ষ | ৩ | ০.৩৩৫৯৭ | ০.৩৩২৬ | ০.৩৪১৩ | ০.৩০৭১ | ০.২৭৩০ | ০.২৩৮৯ | ০.২০৪৭ | ০.৩৪২৩ | ০.৩৫ |
| | | ১.২ স্যাটেলাইট ক্লিনিক আয়োজনের মাধ্যমে সেবাপ্রদান ও উদ্বুদ্ধকরণ | ১.২.১আয়োজিত স্যাটেলাইট ক্লিনিকের সংখ্যা | সমষ্টি | হাজার | ৫ | ০.২৬৯ | ০.২৭ | ০.২৮৮ | ০.২৫৯২ | ০.২৩০৪ | ০.২০১৬ | ০.১৭২৮ | ০.২৮৮ | ২.২৮১ |

| কর্মসম্পাদনেরক্ষেত্র (Areas of performance) | ক্ষেত্রেরমান (Weight of Areas of ...) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদনসূচকের মান (Weight of Perfor-...) | ২০২০-২১ | ২০২১-২২ | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে | প্রক্ষেপণ Projection | প্রক্ষেপণ Projection |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক মান (Target/Criteria value for FY ২০২২-২৩) | | | | | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| (২) মা, নবজাতক শিশু, কিশোর-কিশোরীদের মানসম্মত স্বাস্থ্য সেবাপ্রদান | ২০ | ২.১ মা, শিশু, প্রজনন ও বয়োসান্ধকালীন স্বাস্থ্য সেবা | ২.১.১ প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা গর্ভকালীন সেবার সংখ্যা | সমষ্টি | হাজার | ৩ | ৪.১৮৩ | ৭.৭২৬ | ৭.৮২৫ | ৭.০৪২৫ | ৬.২৬ | ৫.৪৭৭৫ | ৪.৬৯৫ | ৭.৯৭৫ | ৮ |
| | | | ২.১.২ প্রাতিষ্ঠানিক ডেলিভারীর সংখ্যা (এমসিডব্লিউসিএবংইউএন্ড এফডাব্লিউসি) | সমষ্টি | হাজার | ৩ | ০.০৩৯ | ০.০৭৫ | ০.০৭২ | ০.০৬৪৮ | ০.০৫৭৬ | ০.০৫০৪ | ০.০৪৩২ | ০.০৮ | ০.০৮৫ |
| | | | ২.১.৩ বাড়িতে প্রসবপরবর্তী রক্তক্ষরণ প্রতিরোধে ট্যাব. মিসোপ্রোস্টল বড়ি গ্রহনকারী মায়ের সংখ্যা | সমষ্টি | হাজার | ৩ | ০.৩৪৮ | ০.৭৪২ | ০.৮ | ০.৭২ | ০.৬৪ | ০.৫৬ | ০.৪৮ | ০.৮৫ | ০.৮৭ |
| | | | ২.১.৪ জন্মের ২৪ ঘন্টার মধ্যে বুকের দুধ খাওয়ানো নবজাতকের সংখ্যা | সমষ্টি | হাজার | ২ | ০.১১ | ০.১১৬ | ০.১২৫ | ০.১১২৫ | ০.১ | ০.০৮৭৫ | ০.০৭৫ | ১.১৫ | ১.৩৫ |
| | | | ২.১.৫ ক্লোরোহেক্সিডিন ৭.১% ব্যবহারকারী নবজাতকের সংখ্যা | সমষ্টি | হাজার | ২ | ০.১১ | ০.০১৭ | ০.১২৫ | ০.১১২৫ | ০.১ | ০.০৮৭৫ | ০.০৭৫ | ১.১৫ | ১.৩৫ |
| | | | ২.১.৬ রক্ত স্বল্পতা প্রতিরোধে আয়রন-ফলিক এসিড গ্রহনকারী কিশোরীর সংখ্যা | সমষ্টি | হাজার | ২ | ০.৬৭৫ | ১.৩২৪ | ১.৪০ | ১.২৬ | ১.১২ | ০.৯৮ | ০.৮৪ | ১.৪২৫ | ১.৫ |
| | | | ২.১.৭ নিরাপদ প্রসব সেবা (২৪/৭) প্রদানেরসংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ৫ | ৫ | ৫ | ৪.৫ | ৪ | ৩.৫ | ৩ | ৫ | ৫ |
| | | | ২.১.৮ কৈশোরবান্ধব স্বাস্থ্য সেবা গ্রহণকারী সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫২১১ | ২০৭৯ | ২১০০ | ১৮৯০ | ১৬৮০ | ১৪৭০ | ১২৬০ | ১২৯০ | ১৩০০ |

| কর্মসম্পাদনেরক্ষেত্র(Areas of performance) | ক্ষেত্রেরমান (Weight of Areas of | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক(Performance Indicators) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদনসূচকেরমান(Weight of Perfor-mance Indicators) | প্রকৃত অর্জন 2020-২১ | প্রকৃত অর্জন ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ (Target/Criteria value for FY ২০২২-২৩) অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতি মানেরনিম্নে | প্রক্ষেপণ Projection ২০২৩-২৪ | প্রক্ষেপণ Projection ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| (৩) পরিকল্পিত পরিবার গঠনে সামাজিক সচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ | ১০ | ৩.১ স্কুল পর্যায়ে কিশোর-কিশোরীর প্রজনন স্বাস্থ্য, বিষয়ক সচেতনতা মূলক স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম আয়োজন | ৩.১.১ আয়োজিত স্কুলস্বাস্থ্য শিক্ষাএ রসংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ৪৫ | ২৮৮ | ১৫৯ | ২৩০ | ২০১ | ১৭২ | ২৮৮ | ২৮৮ |
| | | ৩.২অডিও-ভিজ্যুয়াল ভ্যানেরমাধ্যমে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য, কিশোর-কিশোরীর প্রজনন স্বাস্থ্য, পুষ্টি বিষয়ক প্রচার | ৩.১.২এভিভ্যানের মাধ্যমে সচেতনতামূলক প্রচারের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | - | - | -- | -- | -- | -- | -- | - | - |

| কর্মসম্পাদনেরক্ষেত্র(Areas of performance) | ক্ষেত্রেরমান (Weight of Areas of) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক(Performance Indicators) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদনসূচকেরমান(Weight of Perfor-mance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ (Target/Criteria value for FY ২০২২-২৩) | | | | | প্রক্ষেপণ Projection ২০২৩-২৪ | প্রক্ষেপণ Projection ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২১ | ২০২০-২১ | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতিমানেরনিম্ন | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| (৪) জন্ম নিয়ন্ত্রণ ও প্রজনন স্বাস্থ্য সামগ্রী নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ এবং তথ্য ব্যবস্থাপন উন্নয়ন | ১০ | ৪.১পরিবার পরিকল্পনা কর্মসূচিতে জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর মজুদ যাচাই | ৪.১.১আঞ্চলিক পণ্যাগারের জন্য নিয়ন্ত্রণ সামগ্রীর মজুদ বাস্তব যাচাই | সংখ্যা | | ২ | - | - | - | - | - | - | - | - | - |
| | | | ৪.১.২ উপজেলা পর্যায়ে জন্ম নিয়ন্ত্রণ সামগ্রীর মজুদ বাস্তব যাচাই | সংখ্যা | | ২ | ১ | ১ | - | - | - | - | - | ১ | ১ |
| | | ৪.২অব্যবহারযোগ্য সামগ্রীবিনষ্টকরণ | ৪.২.১ অব্যবহারযোগ্য সামগ্রী নীতিমালা মোতাবেক নির্দিষ্ট সময়ে বিনষ্টকরণ | শতকরা হার | | ৩ | ৩ | ১ | - | - | - | - | - | ৩ | ৩ |
| | | ৪.৩ ই-এমআইএস ব্যবহারকারী কেন্দ্রের সংখ্যা | ৪.৩.১ পরিবার কল্যাণ কেন্দ্রের সংখ্যা | সংখ্যা | | ৩ | ৬ | ৬ | - | - | - | - | - | ৬ | ৬ |

| কর্মসম্পাদনেরক্ষেত্র (Areas of performance) | ক্ষেত্রেরমান (Weight of Areas of performance) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicators) | গণনাপদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদনসূচকেরমান (Weight of Perfor-mance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ (Target/Criteria value for FY ২০২২-২৩) | | | | | প্রক্ষেপণ Projection | প্রক্ষেপণ Projection |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| (৫)কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নের ব্যবস্থা গ্রহণ | ১০ | ৫.১ সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ব্রেষ্টফিডিং কর্ণার চালুকরা। | ৫.১.১ ব্রেষ্টফিডিং কর্ণার চালু করা | সংখ্যা | ৪ | | - | - | - | - | - | - | - | - | - |
| | | ৫.২ কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান | ৫.২.১ কর্মকর্তা-কর্মচারীদের চাকরি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ৩ | | - | - | - | - | - | - | - | - | - |
| | | | ৫.২.২ সমসাময়িক বিষয় নিয়ে লার্নিংসেশন আয়োজন | | ৩ | | - | - | - | - | - | - | - | - | - |
| | | ৫.৩কিশোর-কিশোর নিয়ে উঠান বৈঠক | ৫.২৩ প্রতি ইউনিয়নে কিশোর-কিশোর নিয়ে প্রজনন স্বাস্থ্য বিষয়ক উঠান বৈঠক আয়োজন | সংখ্যা | ৩ | - | ২১৬ | ১৪৪ | ২৮৮ | ২৬০ | ২৩০ | ২০০ | ১৭২ | ২৪০ | [illegible] |

সুশাসন ও সংস্কারমূলককর্মসম্পাদনেরক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ১০ | | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/উদ্ভাবনকর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ১০ | | | | | | | | | | |
| | | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ৩ | | | | | | | | | | |
| | | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ৪ | | | | | | | | | | |
| | | সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | ৩ | | | | | | | | | | |

আমি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(ভারপ্রাপ্ত), মধুপুর, টাঙ্গাইল উপপরিচালক, পরিবার পরিকল্পনা, টাঙ্গাইল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি উপপরিচালক, পরিবার পরিকল্পনা, টাঙ্গাইল পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
মধুপুর, টাঙ্গাইল।

তারিখ ঃ-১৮ মে, ২০২২ খ্রিঃ।

উপপরিচালক
পরিবার পরিকল্পনা, টাঙ্গাইল।

তারিখ ঃ-১৮ মে, ২০২২ খ্রিঃ।